"থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধপথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন ও অর্থ শাখা
www.bmet.gov.bd

স্মারক নং-৪৯.০১.০০০০.০০২.১১.০০৩.২২.৯৬

তারিখ: ১১ জানুয়ারি, ২০২৩ / ২৭ পৌষ, ১৪৪৪ ।

## অফিস আদেশ

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আইটি শাখার জন্য অস্থায়ী রাজস্বখাতে সৃজিত ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর এর ০৭ (সাত) টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে সরাসরি নিয়োগযোগ্য পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেডে টাকা ৯,৩০০-২২,৪৯০/- বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে অস্থায়ী ভিত্তিতে শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল:

| জ্যেষ্ঠতার ক্রম | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | রোল নম্বর | জন্ম তারিখ | পদের নাম | গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫) |
|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব জাবেদ আলম নাঈম<br>পিতা: এ. কে. এম মাহবুব আলম<br>মাতা: নার্গিস মাহবুব | গ্রাম: দপদপিয়া, ডাকঘর: দপদপিয়া, উপজেলা/থানা: নলসিটি, জেলা: ঝালকাঠি | ১২০০৮০২৩ | ১০/১২/১৯৯৩ | ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড: ১৬<br>৯,৩০০-২২,৪৯০/- |
| ২. | জনাব রাজু আহমেদ<br>পিতা: মোঃ রেজাউল করিম<br>মাতা: কুলসুম বেগম | গ্রাম: ভেনদারা, ডাকঘর: রানীশংকৈল, উপজেলা/থানা: রানীশংকৈল, জেলা: ঠাকুরগাঁও | ১২০০৭২৫৯ | ১৭/০১/১৯৯৩ | ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড: ১৬<br>৯,৩০০-২২,৪৯০/- |
| ৩. | জনাব মোঃ আবু সাফী ভূঞা<br>পিতা: আবু সাঈদ ভূঞা<br>মাতা: আফরোজা আক্তার | গ্রাম: পাশদরিলা, ডাকঘর: পাশদরিলা, উপজেলা/থানা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ | ১২০০৬২১৪ | ২৮/১২/১৯৯৪ | ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড: ১৬<br>৯,৩০০-২২,৪৯০/- |
| ৪. | জনাব মোঃ জামাল হোসেন<br>পিতা: মোঃ আবু তালেব<br>মাতা: মোছাঃ লাভলী বেগম | গ্রাম: পশ্চিম পাবিয়াজুরি ডাকঘর: চরগুরুকপুর, উপজেলা/থানা: হালুয়াঘাট, জেলা: ময়মনসিংহ | ১২০০৭৭৭৩ | ২৮/১১/১৯৯৭ | ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড: ১৬<br>৯,৩০০-২২,৪৯০/- |
| ৫. | জনাব মোঃ শামিম রেজা<br>পিতার নাম: মোঃ আশরাফ আলী<br>মাতা: মোছঃ আজিজা খাতুন | গ্রাম: বাগাডাঙ্গা, ডাকঘর: কার্পাসডাঙ্গা, উপজেলা/থানা: দামুরহুদা, জেলা: চুয়াডাঙ্গা | ১২০০৭৮২৬ | ১২/১০/১৯৯৩ | ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড: ১৬<br>৯,৩০০-২২,৪৯০/- |
| ৬. | জনাব মোঃ সৌরভ আলী<br>পিতার নাম: মোঃ সমসের আলী<br>মাতা: আয়সা সিদ্দিকা | গ্রাম: তেলিপাড়া, ডাকঘর: ধাক্কামারা, উপজেলা/থানা: পঞ্চগড় সদর, জেলা: পঞ্চগড় | ১২০০৮৭৩৯ | ১২/০৩/২০০০ | ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড: ১৬<br>৯,৩০০-২২,৪৯০/- |
| ৭. | জনাব রেহেনা পারভীন<br>পিতার নাম: মোঃ আঃ বাছেদ<br>মাতা: বিউটি বেগম | বাড়ি- ২৭২/খ/৩/এফ, ফ্লাট-এ১, পূর্ব আগারগাঁও, ডাকঘর: মোহাম্মদপুর, উপজেলা/থানা: শের ই বাংলা নগর, জেলা: ঢাকা | ১২০০৮২৬২ | ১৭/০৭/১৯৯৪ | ডাটাএন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড: ১৬<br>৯,৩০০-২২,৪৯০/- |

শর্তাদি:

২.১ নির্বাচিত প্রার্থীদের সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার সনদপত্র চাকুরিতে যোগদানের সময় দাখিল করতে হবে;

২.২ চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে;

২.৩ এ নিয়োগ পত্রের সাথে "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম" সংযুক্ত করা হলো। এ ফরম যথাযথভাবে পূরণপূর্বক চাকরিতে যোগদানের সময় কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। পুলিশী তদন্তে স্থায়ী ঠিকানা, চরিত্র ও পূর্বেকার ইতিবৃত্ত সন্তোষজনক হওয়া সাপেক্ষে তার নিয়োগ চূড়ান্ত হবে। যদি পুলিশী তদন্তে বিরূপ মন্তব্য পাওয়া যায়, তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নিয়োগ বাতিল করা হবে;

২.৪ যোগদানের সময় সকল সনদপত্রসহ অন্যান্য কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

২.৫ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোতে যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ হিসেবে চাকুরিকাল গণ্য হবে;



CamScanner

২.৬ শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরির অবসান ঘটাতে পারবেন;

২.৭ চাকরিতে যোগদানের পর ০২ (দুই) বছরের মধ্যে তিনি যদি ন্যায়সঙ্গত কারণ ছাড়া চাকরিতে ইস্তফা দেন বা দিতে ইচ্ছুক হন, তবে তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত অর্থ অথবা বেতন ও আনুতোষিক হিসেবে প্রাপ্ত অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন এবং তিনি যদি সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে অনুপস্থিত থাকেন তবে তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক আদায় করা হবে;

২.৮ সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ না হলে এবং প্রশিক্ষণ গ্রহণ না করলে চাকুরি স্থায়ী করা হবে না;

২.৯ প্রচলিত সরকারি বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান মোতাবেক চাকরিতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

২.১০ যদি কোন প্রার্থী কোন বিদেশী নাগরিক-কে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২.১১ এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান প্রযোজ্য হবে;

৩। উপর্যুক্ত শর্তাবলির আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ২৫ জানুয়ারি ২০২৩ তারিখ পূর্বাহ্নে মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকায় যোগদানপত্র দাখিল করতে হবে। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকায় নির্ধারিত তারিখে যথাসময়ে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বতিল বলে গণ্য হবে।

৪। চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

৫। যথযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ নিয়োগ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম"- ০২ (দুই) সেট।

স্বাক্ষরিত/-
১১/০১/২০২৩
(মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন-০২-৮৩০০২৬৪ (অফিস)
ই-মেইল: directoradmin@bmet.gov.bd

স্মারক নং-৪৯.০১.০০০০.০০২.১১.০০৩.২২.৯৬(১৬) তারিখ: ১১ জানুয়ারি, ২০২৩ / ২৭ পৌষ, ১৪৪৪ ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২. মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে)।
৩. সিনিরয় সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
৭. মহাপরিচালকের ব্যাক্তিগত সহকারী, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৮. জনাব.................................................................................................................................................।
৯. মাস্টার নথি/২০২৩ খ্রি:।

১১.০১.২০২৩
(মোঃ রেজওয়ানুল হক চৌধুরী)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-৮৩০০২৬৪ (অফিস)
ই-মেইল: rezwanchowdhury2021@gmail.com

Admin/E/Masud/নিয়োগপত্র

CS CamScanner